গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
উন্নয়ন শাখা

## রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির অক্টোবর/২০২২ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | ১২ অক্টোবর, ২০২২ খ্রি. |
| সভার সময় | বেলা ১:৪৫ টা |
| স্থান | বিভাগীয় কমিশনার, রাজশাহী'র সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভা শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী গত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পাঠ করে শোনান। সভাপতি গত সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী আছে কিনা তা জানতে চান। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অত:পর বিভিন্ন দপ্তরের সাথে স্ব-স্ব দাপ্তরিক বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়:

<table>
<tr><th>ক্র. নং</th><th>আলোচ্যসূচি ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>১</td><td><u>বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ :</u><br>সভাপতি কর্তৃক গত ১৬ আগস্ট, ২০২২ তারিখে অনুষ্ঠিত উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী আছে কি না সে বিষয়ে সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। কোন সংশোধনী না থাকায় উক্ত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করার বিষয়ে আলোচনা হয়।</td><td>১। গত ১৬ আগস্ট, ২০২২ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী</td></tr>
<tr><td>২</td><td><u>বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার:</u><br>বিগত ২০ জুন, ২০২২ ও ১৬ আগস্ট, ২০২২ মাসে অনুষ্ঠিত রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার পর্যালোচনা করা হয়, যা নিম্নরূপ:
<table>
<tr><th>মাসের নাম</th><th>গৃহীত সিদ্ধান্ত সংখ্যা</th><th>বাস্তবায়িত সিদ্ধান্ত সংখ্যা</th><th>সিদ্ধান্ত বাস্তবায়ন হার</th></tr>
<tr><td>জুন/২২</td><td>৫৪</td><td>৫২</td><td>৯৬.২৯%</td></tr>
<tr><td>আগস্ট/২২</td><td>৫৩</td><td>৫০</td><td>৯৪.৩৩%</td></tr>
</table>
শতভাগ সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সদস্যদের নির্দেশনা প্রদান করা হয়।</td><td>১। শতভাগ সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে সচেষ্ট হতে হবে।</td><td>বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সদস্যবৃন্দ</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ৩ | <u>**আইএমইডি:**</u><br>রাজশাহী বিভাগে চলমান স্ব স্ব দপ্তরের আওতাধীন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে কোন সমস্যা পরিলক্ষিত হলে এবং সমন্বয়ের প্রয়োজন হলে সভায় আলোচনা করার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। | ১। রাজশাহী বিভাগে চলমান স্ব স্ব দপ্তরের আওতাধীন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে কোন সমস্যা পরিলক্ষিত হলে এবং সমন্বয়ের প্রয়োজন হলে সভায় আলোচনা করতে হবে। | ১। মহাপরিচালক, আইএমইডি, ঢাকা<br>২। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ |

| | | | |
|---|---|---|---|
| ৪ | **স্বাস্থ্য বিভাগ :**<br>**করোনা সংক্রান্ত:**<br>পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী সভায় জানান যে, আরটিপিসিআর, জিন এক্সপার্ট এবং র‍্যাপিড এন্টিজেন এই ৩টি পদ্ধতিতে কোভিড-১৯ নমুনা পরীক্ষা করা হয়ে থাকে। রাজশাহী বিভাগে গত সেপ্টেম্বর, ২০২২ মাসে নমুনা পরীক্ষা করা হয়েছে ৫২৬৫, সর্বমোট নমুনা পরীক্ষা করা হয়েছে ৮৯০৪১৯। তন্মধ্যে শনাক্ত হয়েছে ৬০৪ (১১.৪৭%), সর্বমোট শনাক্ত হয়েছে ১২১৭১৪(১৩.৬৬%)। হাসপাতালে ভর্তি ৪৭, সর্বমোট হাসপাতালে ভর্তি ২৩২৭০। মৃত্যু ০১(০.১৬), সর্বমোট ১৭৫৫(১.৪৪%)।<br>কোভিড-১৯ প্রতিরোধে ১১ আগস্ট, ২০২২ তারিখ পর্যন্ত ১ম ডোজ ভ্যাকসিন প্রদান করা হয়েছে ১,৬৩,১৫,৫১৬। ২য় ডোজ ভ্যাকসিন প্রদান করা হয়েছে ১,৫৫,৭৭,৮৭৮। বুস্টার ডোজ ভ্যাকসিন প্রদান করা হয়েছে ৮১,৫০,৩৯৬। সর্বমোট ভ্যাকসিন প্রদান করা হয়েছে ৪,০০,৪৩,৭৯০ ডোজ। কোভিড-১৯ সংক্রমণরোধে বুস্টার ডোজ প্রদান আরো জোরদার করা হয়েছে। ভ্যাকসিন নেয়ার পরেও সামাজিক দূরত্ব বজায় রাখা এবং মাস্ক ব্যবহার অর্থাৎ স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>**ডেঙ্গু সংক্রান্ত:**<br>জুলাই/২০২২ – সেপ্টেম্বর/২০২২ পর্যন্ত রাজশাহী বিভাগে ডেঙ্গু রোগে মোট আক্রান্ত হয়েছে ৩৫৮ জন। কোনো মৃত্যু হয়নি। পাবনা জেলার ঈশ্বরদীতে সেপ্টেম্বর/২০২২ মাসে আক্রান্ত হয়েছে ১৭১ জন এবং এ জেলায় জুলাই/২০২২ থেকে সেপ্টেম্বর/২০২২ পর্যন্ত মোট আক্রান্ত ২৮৬ জন। রূপপুর পারমাণবিক কেন্দ্রের কর্মকর্তা/কর্মচারীগণ নিয়মিত ঢাকা যাতায়াতের কারণে ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব বাড়ছে। তবে রাজশাহী সিটিতে এডিস মশার লার্ভা সার্ভে রিপোর্ট সন্তোষজনক। ডেঙ্গু রোগ প্রতিরোধ বিষয়ে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা অব্যাহত রয়েছে।<br>**অন্যান্য:**<br>পরিচালক (স্বাস্থ্য) আরো জানান যে, বেসরকারি সংস্থা (NGO) বিভিন্ন জেলায় সরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান এবং কলকারখানায় Hepatitis-B, জরায়ু ক্যান্সার, টাইফয়েড, ইনফ্লুয়েজা টিকা প্রদানের চেষ্টা করছে, যা গ্রহণযোগ্য নয়। তারা যেন টিকা প্রদান করতে না পারে সে বিষয়ে জেলা প্রশাসক(সকল), রাজশাহী বিভাগসহ সকলের সহযোগিতা কামনা করা হয়। | ১। সুষ্ঠুভাবে ভ্যাকসিন প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>২। কোভিড-১৯ প্রতিরোধে ভ্যাকসিন নেয়ার পরেও মাস্ক ব্যবহার, সামাজিক দূরত্ব বজায় রাখা অর্থাৎ স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা অব্যাহত রাখতে হবে।<br><br>৩। ডেঙ্গু রোগ প্রতিরোধে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা অব্যাহত রাখতে হবে।<br><br>৪। বেসরকারি সংস্থা (NGO) কে বিভিন্ন জেলায় সরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান এবং কলকারখানায় Hepatitis-B, জরায়ু ক্যান্সার, টাইফয়েড, ইনফ্লুয়েজা টিকা প্রদান কার্যক্রম হতে বিরত রাখার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১। পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ<br>২। জেলা প্রশাসক(সকল), রাজশাহী বিভাগ<br>৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন<br>৪। পরিচালক, বিভাগীয় জেলা তথ্য অফিস, রাজশাহী<br>৫। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ৫ | **<u>খাদ্য বিভাগ:</u>**<br>আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল জানান যে, নির্দেশনা অনুযায়ী রাজশাহী বিভাগে বোরো/২০২২ ধান ও চাল সংগ্রহ কার্যক্রম চলমান আছে। চলতি বোরো সংগ্রহ/২০২২ এ রাজশাহী বিভাগের চাল সংগ্রহের মূল লক্ষ্যমাত্রা = ২,৪১,০৭০ মে.টন চূড়ান্ত চাল সংগ্রহ হয়েছে=২,৩০,৮২৯.২৫০ মে. টন (৯৫.৭৫%)।<br>বিভাগের ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা = ১,০৯,৩২৯ মে.টন।<br>চূড়ান্ত সংগ্রহ হয়েছে = ১৯৪৮৯.২০০ মে. টন (১৭.৮২%)<br>গত অর্থ বছরে রাজশাহী বিভাগে সর্বমোট ১,১৬,৩৪১ মে. টন চাল বিক্রি করা হয়েছে। চলতি অর্থ বছর ২০২২-২০২৩ এ সেপ্টেম্বর হতে খাদ্যবান্ধব কর্মসূচিতে চাল বিক্রি কার্যক্রম শুরু হয়েছে এবং ২৮/০৯/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত রাজশাহী বিভাগে খাদ্যবান্ধব কর্মসূচিতে ১৬১৭৯.২৮০ মে. টন চাল বিক্রি করা হয়েছে। কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত নিয়মিত মনিটরিং কার্যক্রম অব্যাহত রয়েছে।<br>সংগ্রহ কার্যক্রম নিয়মিত মনিটরিং করা হচ্ছে। কোনো অনিয়ম পাওয়া গেলে দ্রুত যথাযথ প্রশাসনিক/আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | ১। অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতমালা, ২০১৭ অনুযায়ী ধান/চাল/গম সংগ্রহ শতভাগ অর্জনের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br><br>২। খাদ্যবান্ধব কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে।<br><br>৩। ধান/চাল/গম অর্থাৎ খাদ্য সংগ্রহে অনিয়ম পরিলক্ষিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ<br>২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল, রাজশাহী |
| ৬ | **<u>কৃষি বিভাগ:</u>**<br>অতিরিক্ত পরিচালক, রাজশাহী অঞ্চল জানান যে, এম.ও.পি সারের ঘাটতি পূরণে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগের মাধ্যমে অতিরিক্ত বরাদ্দ পাওয়া গেছে রাজশাহীতে ২০০০ মে.টন, নওগাঁতে ১০০০ মে.টন, নাটোরে ১০০০ মে.টন মোট ৪০০০ মে.টন। বর্তমানে এম.ও.পি সারের ঘাটতি নাই। এম.ও.পি সারের ঘাটতি পূরণে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রাখার জন্য জেলার উপপরিচালকগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>অতিরিক্ত পরিচালক, বগুড়া অঞ্চল জানান যে, এম.ও.পি সারের ঘাটতি পূরণে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত আছে। ইতোমধ্যেই বগুড়া-১০০০ মে.টন, জয়পুরহাট-২০০০ মে.টন, পাবনা-৭০০ মে.টন ও সিরাজগঞ্জ জেলায়-৫০০ মে.টন এমওপি সার অতিরিক্ত বরাদ্দ পাওয়া গিয়েছে।<br>অতিরিক্ত পরিচালক, রাজশাহী অঞ্চল এবং বগুড়া অঞ্চল জানান যে, অত্র অঞ্চলের সকল জেলায় (রাজশাহী, নওগাঁ, নাটোর ও চাঁপাইনবাবগঞ্জ) সার ডিলারগণ তাদের | ১। ধান উৎপাদনের লক্ষ্যমাত্রা ঠিক রেখে ঐ জমিতে লাভজনক, রপ্তানিমুখী বিভিন্ন ফল ও অন্যান্য ফসল চাষাবাদ অব্যাহত রাখতে হবে।<br><br>২। কৃষি প্রণোদনা নীতিমালা অনুসারে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ অব্যাহত রাখতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল<br>৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল |

| | | | |
|---|---|---|---|
| | এসাইনকৃত ইউনিয়নে সার বিক্রয় কার্যক্রম পরিচালনা করছেন। যে সকল সার ডিলারগণ এসাইনকৃত ইউনিয়নে সার বিক্রয় করতেন না, সে সকল সার ডিলারদের এ্যাসাইনকৃত স্থানে সার বিক্রয় বাধ্যতামূলক করা হয়েছে। যাদের ইউনিয়নে নিজস্ব গোডাউন নেই অথবা কম ধারণ ক্ষমতা সম্পন্ন গোডাউন রয়েছে তাদের নিজস্ব প্রয়োজনীয় ধারণ ক্ষমতা সম্পন্ন গোডাউন তৈরির নির্দেশনা দেয়া হয়েছে এবং নিয়মিত মনিটরিং করা হচ্ছে।<br>অতিরিক্ত পরিচালক, রাজশাহী অঞ্চল এবং বগুড়া অঞ্চল আরো জানান যে, অত্র অঞ্চলে ধান উৎপাদনের লক্ষ্যমাত্রা ঠিক রেখে ঐ জমিতে লাভজনক, নিরাপদ রপ্তানিমুখী বিভিন্ন ফল ও অন্যান্য ফসল চাষাবাদ অব্যাহত রাখতে কৃষককে উৎসাহিত করার কার্যক্রম চলমান। লাভজনক উচ্চমূল্য ফসল যেমন- মাল্টা, কমলা ও লেবু বাগানের প্রদর্শনী বাস্তবায়ন, মিষ্টি আলু, কচু এবং ড্রাগণ ও পেঁয়ারার চাষাবাদ হচ্ছে। লাভজনক ফসল হওয়ায় পেঁয়াজের আবাদ দিনদিন বৃদ্ধি পাচ্ছে। রাজশাহী অঞ্চলে ২০২১-২২ অর্থ বছরে ৩২৩৫৭ হেক্টর জমিতে পেঁয়াজ আবাদ হয়েছে।<br>অতিরিক্ত পরিচালক, রাজশাহী অঞ্চল জানান যে, কৃষি প্রণোদনা নীতিমালা অনুসারে খরিপ/ ২০২২-২৩ মৌসুমে উফশী আউশ ধান, গ্রীষ্মকালীন পেঁয়াজ ও উফশী রোপা আমন ধান ফসলের অনুকূলে ৮১০০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হয়েছে। এছাড়াও মাসকলাই ফসলে ৮০৭১ জনের মধ্যে ৭৪২২ জন এবং গ্রীষ্মকালীন পেঁয়াজ ফসলে ৫২০০ জনের মধ্যে ১৭০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হয়েছে। বিতরণ কার্যক্রম চলমান রয়েছে।<br>অতিরিক্ত পরিচালক, বগুড়া অঞ্চল জানান যে, নীতিমালা অনুসারে ২০২২-২০২৩ অর্থ বছরে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের খরিপ-২ রোপা আমন মৌসুমে বগুড়া, সিরাজগঞ্জ জেলায়, মোট-৯,০০০ জনকে ১ বিঘা জমি চাষের জন্য বিনা মূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়েছে। বিএডিসি থেকে মাসকালাই বীজ প্রাপ্তির সাথে সাথে বিতরণ শুরু করা হয়েছে। প্রণোদনা নীতিমালা অনুসারে প্রয়োজনীয় খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার সরবরাহ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | | |

| | | | |
|---|---|---|---|
| ৭ | **<u>সড়ক বিভাগ:</u>**<br>প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি:, রাজশাহী জানান যে, নওগাঁ বিসিকে সড়ক বিভাগের কাজে লাইন শিফটিং এর নিমিত্ত নেসকো কর্তৃক প্রাক্কলন প্রস্তুতপূর্বক সড়ক ও জনপথ বিভাগ বরাবর প্রেরণ করা হয়েছে।<br>প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি:, রাজশাহী জানান যে, রাজশাহী বিশ্ববিদ্যালয় এবং রুয়েট এর সামনের রাস্তার মাঝখানে থাকা বৈদ্যুতিক পোল দ্রুত স্থানান্তরের জন্য ইতোমধ্যে কার্যাদেশ প্রদান এবং মালামাল বরাদ্দ অনুমোদন সম্পাদিত হয়েছে। দূর্গাপূজা চলাকালীন লাইন স্থানান্তরজনিত কারণে বিদ্যুৎ বিভ্রাট এড়ানোর কথা বিবেচনা করে আগামী সপ্তাহের শেষ নাগাদ পোল স্থানান্তর কাজ শুরু হবে। | ১। নওগাঁ জেলার বিসিকে সড়ক বিভাগের কাজে পল্লী বিদ্যুতের লাইন শিফটিং এর প্রাক্কলন চাহিদা দিতে হবে।<br><br>২। রাজশাহী বিশ্ববিদ্যালয় এবং রুয়েট এর সামনের রাস্তার মাঝ খানে থাকা বৈদ্যুতিক পোলগুলো দ্রুত স্থানান্তর করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন।<br>৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রংপুর জোন<br>৪। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি:, রাজশাহী<br>৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, রাজশাহী জোন |
| ৮ | **<u>এলজিইডি অধিদপ্তর:</u>**<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী বিভাগ জানান যে, রাজশাহী বিভাগে চলমান (সিরাজগঞ্জ ব্যতীত) পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প, ঘূর্ণিঝড় আম্ফান প্রকল্প, ভূমি অফিস নির্মাণ প্রকল্প, রুরাল ট্রান্সপোর্ট ইমপ্রুভমেন্ট প্রজেক্ট-২, রুরাল কানেকটিভিটি ইমপ্রুভমেন্ট প্রজেক্ট, টেকসই ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প, চাঁপাইনবাবগঞ্জ এর ৫০ শয্যা বিশিষ্ট ডায়াবেটিক হাসপাতাল নির্মাণ প্রকল্প ও বৃহত্তর রাজশাহী জেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্পের কাজের গড় অগ্রগতি ৯০%। চলতি অর্থ বৎসরে প্রদেয় সময় অনুযায়ী কাজগুলি সমাপ্ত করা হবে। তিনি আরো জানান যে, ২০২২-২৩ অর্থ বৎসরে অত্র বিভাগে গ্রামীণ সড়ক মেরামত ও সংরক্ষণের (GOB) এর আওতায় অত্র বিভাগে ৮টি জেলায় ৩০৪টি স্কীম অনুমোদিত হয়েছে। হালনাগাদ চুক্তি হয়েছে ১২৭টি, গড় অগ্রগতি ১৫%। চলতি অর্থ বৎসরে উক্ত কাজগুলির রক্ষণাবেক্ষণ কাজ প্রদেয় সময় অনুযায়ী সমাপ্ত করা হবে। | ১। চলমান উন্নয়ন প্রকল্পগুলো নিয়মিত মনিটরিং করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| ৯ | **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:**<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল সভায় জানান যে, রাজশাহী বিভাগে মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য সুপেয় পানি সরবরাহের লক্ষ্যে 3য় পর্যায়ে রাজশাহী জেলায় 211টি, নওগাঁ জেলায় 88টি, পাবনা জেলায় ১০0টি, জয়পুরহাট জেলায় ১৪০টি, চাঁপাইনবাবগঞ্জ জেলায় ৭১টি, সিরাজগঞ্জ জেলায় 88 টি এবং নাটোর জেলায় 350টি পানির উৎসসহ মোট ১০৪৮ টি পানির উৎস স্থাপন কাজের বরাদ্দের বিপরীতে এ পর্যন্ত ৮৪২টি পানির উৎস স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। বাকি পানির উৎস স্থাপন কাজ চলমান রয়েছে। | ১। মুজিববর্ষ উপলক্ষ্যে গৃহহীন ও ভূমিহীন পরিবারের জন্য ৩য় পর্যায়ের আশ্রয়ণ প্রকল্পে পানি সরবরাহের জন্য নলকূপ স্থাপন কার্যক্রম ত্বরান্বিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>২। ভূমিহীন ও গৃহহীন পরিবারের সদস্যদের বেশি সুবিধা হয় এমন জায়গায় নলকূপ স্থাপন করতে হবে। | ১। জেলা প্রশাসক(সকল), রাজশাহী বিভাগ<br>২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল |
| ১০ | **পানি উন্নয়ন বোর্ড:**<br>প্রধান প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, রাজশাহী জানান যে, অপরিকল্পিতভাবে কেউ বালু উত্তোলন করে বাঁধ ও স্থাপনার ক্ষতি করলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য বাপাউবো, রাজশাহী জোনের আওতায় মাঠ পযায়ের দপ্তরসমূহকে নির্দেশ প্রদান করা হয়েছে।<br>বাপাউবো'র বাস্তবায়িত/বাস্তবায়নাধীন কার্যক্রম নিয়মিত পরিদর্শন ও পর্যবেক্ষন অব্যহত আছে। ভাঙ্গান কবলিত এলাকা নিয়মিত পরিদর্শন করা হচ্ছে এবং বন্যায় বাঁধ ও স্থাপনার যেন ক্ষতি না হয় সে বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম চলমান আছে। মাঠ পর্যায়ের দপ্তর সমূহকে প্রশাসনের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। | ১। অপরিকল্পিতভাবে কেউ বালু উত্তোলন করে বাঁধ ও স্থাপনার ক্ষতি করলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২। সরেজমিন পরিদর্শনপূর্বক ক্ষতিগ্রস্ত বাঁধ, ব্রিজ, কালভার্ট মেরামত ও নদী ভাঙ্গানরোধে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ১১ | **<u>বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর:</u>**<br>পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর জানান যে, রাজশাহী বিভাগের খামারীদের উৎসাহিতকরণে ২০২২-২০২৩ অর্থ বছরে ৫০০০ জন খামারীকে গবাদিপশু ও হাঁস-মুরগি পালনে আধুনিক প্রযুক্তি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ঘাস চাষ সম্প্রসারণ কার্যক্রমের মাধ্যমে ২২৮.৩৭ একর জমিতে উন্নত ঘাস চাষ সম্প্রসারণ করা হয়েছে। ফলে গবাদিপশু পালন, স্বাস্থ্যবিধি, ও পুষ্টি বিষয়ে খামারীদের জ্ঞান ভান্ডার সমৃদ্ধ হয়েছে এবং প্রাণি উৎপাদনে আশাব্যঞ্জক অগ্রগতি সাধিত হয়েছে।<br>রাজশাহী বিভাগের প্রাণিসম্পদ সুস্থ রাখতে খামারীদেরকে সঠিক পরামর্শ প্রদান এর অংশ হিসেবে গবাদিপশুর সুস্বাস্থ্য রক্ষা এবং রোগ বালাই প্রতিরোধের নিমিত্তে ২০২২-২০২৩ অর্থ বছরে গবাদিপশুকে ৪,৫৪,৩০০ মাত্রা টিকা এবং হাঁস-মুরগিকে ৫২,৮৬,৩০০ মাত্রা রোগ প্রতিষেধক টিকা প্রদান করা হয়েছে। রোগ নিরাময়ের জন্য এ পর্যন্ত ৩,১৪,৯০০ গবাদিপশু এবং ২৫,১৫,৭০০ হাঁস-মুরগিকে চিকিৎসাসেবা প্রদান করা হয়েছে এবং সেবা সহজীকরণের জন্য ৪৯৭টি ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প স্থাপন করা হয়েছে। যার মাধ্যমে প্রায় ৩,৫৯৪টি গবাদিপশু এবং প্রায় ২০,৫৬৫টি হাঁস-মুরগি চিকিৎসা ও স্বাস্থ্যগত পরামর্শ দেয়া হয়েছে এবং এ কার্যক্রম অব্যাহত রয়েছে। | ১। গরু, ছাগল ও হাঁস-মুরগিসহ অন্যান্য গবাদিপশু পালনে খামারীদের উৎসাহিত করতে হবে।<br><br>২। গরু, ছাগল ও হাঁস-মুরগিসহ অন্যান্য গবাদিপশুকে সুস্থ রাখতে খামারীদেরকে সঠিক পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ১২ | **<u>মৎস্য বিভাগ:</u>**<br>উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী জানান যে, মৎস্য সংরক্ষণ ও মৎস্য সংক্রান্ত অন্যান্য আইন যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে। ২০২২-২০২৩ অর্থ বৎসরে আগস্ট, ২০২২ মাসে<br>ক) মৎস্য সংরক্ষণ আইন : ৩১২টি<br>খ) মৎস্য খাদ্য ও পশুখাদ্য আইন: ৩৩টি<br>গ) মৎস্য হ্যাচারি আইন: ২০টি মোট ৩৬৫টি আইন (২৬৯টি অভিযান এবং ৯৬টি মোবাইল কোর্ট) বাস্তবায়িত হয়েছে। যার মধ্যে ০৯টি মামলা দায়ের, ০২ জনের জেল এবং ৩.৫২২ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে।<br>লাভজনক ও রপ্তানিমুখী মাছ চাষে চাষীদের উৎসাহিত করতে ২৫৯৭ জনকে পরামর্শ, ৩৬৬ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চাষীদের উৎসাহিত করতে “উত্তম মাছচাষ অনুশীলন ও লাভজনক উপায়ে মাছচাষ” এবং “দেশিয় প্রজাতির ছোট মাছচাষ ব্যবস্থাপনা” বিষয়ক বই বিনা মূল্যে বিতরণ চলমান রয়েছে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়িত হচ্ছে। | ১। মৎস্য সংরক্ষণ আইনসহ মৎস্য সংক্রান্ত অন্যান্য আইন যথাযথভাবে বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে।<br><br>২। লাভজনক ও রপ্তানিমুখী মাছ চাষে চাষীদেরকে প্রশিক্ষণ, পরামর্শ, প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ |
| ১৩ | **<u>পরিসংখ্যান বিভাগ:</u>**<br>যুগ্মপরিচালক, পরিসংখ্যান অফিস, রাজশাহী জানান যে, ৬ষ্ঠ জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর প্রাথমিক ফলাফল প্রকাশিত হয়েছে। প্রাথমিক প্রতিবেদন অনুযায়ী রাজশাহী বিভাগের জনসংখ্যা ২,০৩,৫৩,১১৯ জন। BIDS কর্তৃক শুমারি পরবর্তী যাচাই (Post Enumeration Check বা PEC) কার্যক্রম ১০ থেকে ১৬ অক্টোবর ২০২২ সময়ে পরিচালিত হবে। | ১। স্বাস্থ্যবিধি মেনে জরিপের কাজসহ অন্যান্য কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। জেলা প্রশাসক(সকল), রাজশাহী বিভাগ<br>২। যুগ্মপরিচালক, পরিসংখ্যান অফিস, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ১৪ | **ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর:**<br>উপপরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী জানান যে, ০১ সেপ্টেম্বর-২০২২ থেকে ২৫ সেপ্টেম্বর-২০২২ তারিখ পর্যন্ত রাজশাহী বিভাগীয় কার্যালয় ও এর অধীন জেলা কার্যালয়সমূহ কর্তৃক পরিচালিত মোট ১১২টি বাজার অভিযানের মাধ্যমে ২৮৫টি বাণিজ্যিক প্রতিষ্ঠানকে ভোক্তা অধিকার বিরোধী বিভিন্ন অপরাধে প্রশাসনিক ব্যবস্থায় ৩১,৯১,০০০/- টাকা জরিমানা করা হয়েছে। আদায়কৃত জরিমানা কোষাগারে জমা প্রদান করা হয়েছে।<br>জেলা ও উপজেলা পর্যায়ে সেপ্টেম্বর-২০২২ মাসে ভোক্তা-অধিকার সংরক্ষণ বিষয়ে ১০টি সচেতনতামূলক/অবহিতকরণ সভা আয়োজিত হয়েছে।<br>রাজশাহী বিভাগীয় কার্যালয় ও এর অধীন জেলা কার্যালয়সমূহ কর্তৃক সরকারি মূল্যের চেয়ে বেশি মূল্যে এলপিজি সিলিন্ডার গ্যাস বিক্রির অপরাধে ০১ সেপ্টেম্বর থেকে ২৫ সেপ্টেম্বর-২০২২ তারিখ পর্যন্ত ডিলার ও খুচরা পর্যায়ে ০৩টি প্রতিষ্ঠানকে ৫৭,০০০/- টাকা জরিমানা করা হয়েছে। | ১। স্বাস্থ্যবিধি অনুসরণ করে ভোক্তা- অধিকার সংরক্ষণকল্পে বাজার মনিটরিংসহ অন্যান্য কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br><br>২। জেলা ও উপজেলা পর্যায়ে ভোক্তা অধিকার সংরক্ষণ বিষয়ে অবহিতকরণ সভা আয়োজন করতে হবে।<br><br>৩। যে সমস্ত ডিলার সরকারি মূল্যের চেয়ে বেশি মূল্যে এলপিজি সিলিন্ডার গ্যাস বিক্রি করছে, তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ অব্যাবহত রাখতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। উপপরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ১৫ | **বনবিভাগ:**<br>বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়া জানান যে, সামাজিক বন বিভাগ, রাজশাহী ও পাবনার নিয়ন্ত্রণাধীন লাইসেন্স বিহীন করাত-কলে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার জন্য সংশ্লিষ্ট বিদ্যুৎ বিভাগ কর্তৃপক্ষকে অবৈধ করাত-কলের তালিকা প্রেরণ করা হয়েছে এবং অবৈধ করাত-কলের তালিকা অনুযায়ী বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হচ্ছে। সামাজিক বন বিভাগ, বগুড়া অবৈধ করাত-কল উচ্ছেদ ও বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার বিষয়ে উপজেলা/জেলা প্রশাসনের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাঠ পর্যায়ের সকল দপ্তরকে নির্দেশনা প্রদান করেছেন। সামাজিক বন বিভাগ, রাজশাহী ও পাবনা কর্তৃক সংশ্লিষ্ট বিদ্যুৎ বিভাগ কর্তৃপক্ষ বরাবর অবৈধ করাত-কলের তালিকা প্রেরণ করা হয়েছে।<br>লাইসেন্সবিহীন করাত-কলে বিদ্যুৎ সংযোগ দেওয়া বন্ধকরণ সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, রাজশাহী জোন বরাবর প্রেরণে প্রক্রিয়াধীন আছে।<br>সামাজিক বন বিভাগ, রাজশাহী, পাবনা ও বগুড়ায় অবৈধ করাত-কলের বিরুদ্ধে উচ্ছেদ অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনার বিষয়ে কার্যক্রম অব্যাহত রয়েছে। সামাজিক বন বিভাগ, রাজশাহীতে আগস্ট/২২ মাসে অবৈধ করাত-কলের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করে ৫টি করাত-কলের বিরুদ্ধে ২৫,000/- টাকা জরিমানা আদায় করা হয়েছে। এছাড়াও **সামাজিক বন বিভাগ, রাজশাহীর অধীন জবরদখলকৃত বনভূমির পরিমাণ-২৫৪৯.২৪ একর। তন্মধ্যে ৩৭০.০৫ একর বনভূমি উদ্ধার করা হয়েছে।** সামাজিক বন বিভাগ, বগুড়া ও পাবনায় জবরদখলকৃত কোন বনভূমি নেই।<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, বগুড়া জোনকে সভায় কো-অপ্ট করার বিষয়ে আলোচনা করা হয়।<br>প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি:, রাজশাহী জানান যে, নেসকো কর্তৃক লাইসেন্স বিহীন করাতকলে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয় না। অবৈধ বিদ্যুৎ ব্যবহারকারীদের বিদ্যুৎ সংযোগ কর্তন কার্যক্রম অব্যাহত রয়েছে। | ১। লাইসেন্স বিহীন করাত-কলে বিদ্যুৎ সংযোগ দেওয়া বন্ধ করতে হবে।<br><br>২। অবৈধ করাত-কল উচ্ছেদ এবং অবৈধ দখলদারদের হাত হতে বনবিভাগের জমি উদ্ধারের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, বগুড়া জোনকে সভায় কো-অপ্ট করতে হবে।<br><br>৪। প্রতি মাসে নেসকো ও পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক অবৈধ বিদ্যুৎ ব্যবহারকারীদের বিদ্যুৎ সংযোগ কর্তনের সংখ্যাসহ অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ১। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী<br>১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি:, রাজশাহী<br>৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, রাজশাহী জোন<br>৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, বগুড়া জোন<br>৪। বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল বগুড়া |

| | | | |
|---|---|---|---|
| ১৬ | **সমাজসেবা অফিস:**<br>পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, রাজশাহী জানান যে, রাজশাহী বিভাগে সকল ইউনিটে শতভাগ জি টু পি পদ্ধতিতে ভাতা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এ বিভাগে মোট ভাতাভোগীর সংখ্যা ১৪ লক্ষ ১২ হাজার ৩৭০ জন। মোট ৩৬ টি ইউনিট শতভাগ ভাতার আওতাভুক্ত হয়েছে। | ১। এ বিভাগে সকল ইউনিটে জি টু পি পদ্ধতিতে ভাতা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, রাজশাহী |
| ১৭ | **বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ:**<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী জানান যে, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের মাধ্যমে ২০২২-২৩ অর্থ বছরে রাজশাহী বিভাগে ২.৮২ লক্ষ হেক্টর জমিতে ৮৮২৫টি গভীর নলকুপ, ২৭৩টি এল এল পি এবং ৩৪৫টি সোলার চালিত পাতকুয়ার মাধ্যমে আউস ও আমন মৌসুমে জমিতে সেচ প্রদান করা হয়েছে। সেচ মৌসুমে জমিতে নিরবচ্ছিন্ন সেচ প্রদানের লক্ষ্যে সেচযন্ত্রগুলি সার্বক্ষনিক সচল রাখতে প্রয়োজনীয় পাম্প-মটর, বৈদ্যুতিক ট্রান্সফরমার ও অন্যান্য যাবতীয় মালামাল যথাযথ মজুদ আছে।<br>বরেন্দ্র অঞ্চলে ভূ-গর্ভস্থ ও ভূ-উপরিস্থ পানি দ্বারা সেচ সুবিধা চালু হওয়ায় এলাকার এক ফসলি জমি দুই/তিন ফসলি জমিতে রূপান্তরিত হয়েছে। ফলে এই এলাকার ফসল উৎপাদন বহুলাংশে বৃদ্ধি পেয়েছে। বর্তমানে এ কার্যক্রম অব্যাহত রয়েছে।<br>বর্তমানে ব্যবহৃত বিদ্যুতচালিত সেচযন্ত্রসমূহ (গভীর নলকূপ ৮৮২৫টি ও এল এল পি ৩৪৫টি) চালু আছে এবং সকল সেচযন্ত্রসমূহ একযোগে ব্যবহৃত হলে প্রায় ১৬১.০০ মেগাওয়াট বিদ্যুৎ প্রয়োজন হয়। সেচকাজে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে বিদ্যুৎ বিভাগের (পবিস ও নেসকো) সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। | ১। সেচ যন্ত্রগুলি সচল রাখতে প্রয়োজনীয় পাম্প-মটর, বৈদ্যুতিক ট্রান্সফরমার ও অন্যান্য মালামাল মজুদ রাখতে হবে।<br><br>২। সেচ সুবিধা চালুর মাধ্যমে এক ফসলি জমিকে দুই ও তিন ফসলি জমিতে রূপান্তরিত করার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি:, রাজশাহী<br>৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী |
| ১৮ | **যুব উন্নয়ন অফিস:**<br>উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী জানান যে, বিভাগের সকল জেলায় লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রাতিষ্ঠানিক ১০টি ট্রেডে এবং উপজেলা পর্যায়ে অপ্রাতিষ্ঠানিক ট্রেডে প্রশিক্ষণসমূহ সুচারুভাবে অনুষ্ঠিত হচ্ছে। ২০২২-২০২৩ অর্থবছরের সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত অগ্রগতি ৩৮৩০ জন।<br>রাজশাহী বিভাগের সকল জেলায় লক্ষ্যমাত্রা অনুযায়ী যুবদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ঋণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। ২০২২-২০২৩ অর্থবছরের সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত ১৬১২ জনকে ক্ষুদ্রঋণ প্রদান করা হয়েছে এবং আত্মকর্মসংস্থানের লক্ষ্যে উদ্বুদ্ধ করা হয়েছে। | ১। প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক ট্রেডে অনুষ্ঠিত প্রশিক্ষণসমূহ নিয়মিত মনিটরিং করতে হবে।<br><br>২। আত্মকর্মসংস্থানে যুবঋণ বিতরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ১৯ | **<u>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ):</u>** এ বিভাগের সকল দপ্তরের ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন এবং বিভিন্ন কার্যসম্পাদনের প্রমাণকসমূহ সংরক্ষণের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। | ১। এ বিভাগের সকল দপ্তরকে ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন এর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বিভিন্ন কার্যসম্পাদনের প্রমাণকসমূহ সংরক্ষণ করতে হবে। | বিভাগীয় দপ্তর প্রধানগণ |

অত:পর সভার আলোচনায় স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করার জন্য সদস্যদের প্রতি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করা হয়। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০০৮.১৩.০০১.২১.৪১৪

তারিখ: ২ কার্তিক ১৪২৯
১৮ অক্টোবর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)
২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৪) উপমহা পুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ, রাজশাহী
৫) মহাপরিচালক, রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী
৬) পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী
৭) মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল, বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী
৮) প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি:, রাজশাহী
৯) প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী
১০) ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা
১১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন
১২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
১৩) পরিচালক , বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
১৪) প্রধান প্রকৌশলী, উত্তর পশ্চিমাঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সপুরা, রাজশাহী
১৫) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী বিভাগ, রাজশাহী
১৬) পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহী
১৭) পরিচালক, পরিবেশ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, নিশিন্দা, উপশহর, বগুড়া
১৮) পরিচালক, বিভাগীয় শ্রম অধিদপ্তর, রাজশাহী
১৯) পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, রাজশাহী
২০) প্রধান নির্বাহী কর্মকর্তা , রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ

২১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রংপুর জোন
২২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
২৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
২৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ
২৫) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
২৬) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
২৭) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
২৮) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
২৯) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
৩০) অধিনায়ক , র‍্যাব-৫, রাজশাহী
৩১) উপ-মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, রাজশাহী রেঞ্জ
৩২) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী
৩৩) আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল
৩৪) পরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, বিভাগীয় জেলা তথ্য অফিস, রাজশাহী
৩৫) মহাব্যবস্থাপক-১, , টেলিযোগাযোগ অঞ্চল (উত্তরাঞ্চল), রাজশাহী
৩৬) পরিচালক, পরিবার পরিকল্পনা, রাজশাহী বিভাগ, রাজশাহী
৩৭) পরিচালক, বিএসটিআই, নওদাপাড়া, রাজশাহী
৩৮) পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী
৩৯) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল
৪০) অতিরিক্ত পরিচালক , কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল
৪১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল, রাজশাহী
৪২) প্রধান নির্বাহী কর্মকর্তা, , জেলা পরিষদ, রাজশাহী
৪৩) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নাটোর
৪৪) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ
৪৫) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ
৪৬) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পাবনা
৪৭) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিরাজগঞ্জ
৪৮) প্রধান নির্বাহী কর্মকর্তা , জেলা পরিষদ, বগুড়া
৪৯) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জয়পুরহাট
৫০) উপপরিচালক , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
৫১) উপপরিচালক , প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
৫২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী , শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী
৫৩) যুগ্মপরিচালক (সার) , বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, রাজশাহী বিভাগ
৫৪) যুগ্মপরিচালক (বীজ বিপণন), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, রাজশাহী বিভাগ
৫৫) বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়া
৫৬) উপপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, রাজশাহী বিভাগ
৫৭) উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
৫৮) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, রাজশাহী জোন
৫৯) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, বগুড়া জোন
৬০) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী

৬১) যুগ্মপরিচালক , বিভাগীয় পরিসংখ্যান অফিস, রাজশাহী
৬২) অধ্যক্ষ, রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী
৬৩) অধ্যক্ষ, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া
৬৪) অধ্যক্ষ, পাবনা মেডিকেল কলেজ, পাবনা
৬৫) অধ্যক্ষ , শহীদ এম. মনসুর আলী মেডিকেল কলেজ, সিরাজগঞ্জ
৬৬) অধ্যক্ষ, নওগাঁ মেডিকেল কলেজ, নওগাঁ
৬৭) উপপরিচালক (চ:দা:), বিভাগীয় ঔষধ প্রশাসন অধিদপ্তর, রাজশাহী
৬৮) উপপরিচালক, আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী
৬৯) যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় অফিস, রাজশাহী
৭০) উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী
৭১) উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, রাজশাহী
৭২) উপপরিচালক, আঞ্চলিক স্কাউট অফিস, রাজশাহী
৭৩) উপপরিচালক, বিভাগীয় সঞ্চয় অফিস, রাজশাহী
৭৪) উপপরিচালক , বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, রাজশাহী
৭৫) উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী
৭৬) আঞ্চলিক পরিচালক, বিসিক আঞ্চলিক অফিস, রাজশাহী
৭৭) বিভাগীয় ব্যবস্থাপক , ব্র্যাক, রাজশাহী
৭৮) আঞ্চলিক প্রকল্প পরিচালক , বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি, রাজশাহী
৭৯) জোনাল সেটেলমেন্ট অফিসার, রাজশাহী
৮০) জোনাল সেটেলমেন্ট অফিসার, পাবনা
৮১) জোনাল সেটেলমেন্ট অফিসার , বগুড়া
৮২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী , জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল, রাজশাহী
৮৩) উপপরিচালক , জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী
৮৪) সহকারী প্ল্যানার , নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী
৮৫) সহকারী কমিশনার, নেজারত শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
৮৬) উপ-প্রশাসনিক কর্মকর্তা, উন্নয়ন, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
৮৭) উপ-প্রশাসনিক কর্মকর্তা, গোপনীয় শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
৮৮) উপ-প্রশাসনিক কর্মকর্তা, সার্বিক, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
৮৯) উপ-প্রশাসনিক কর্মকর্তা, রাজস্ব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
৯০) উপ-প্রশাসনিক কর্মকর্তা, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

এ. এন. এম. মঈনুল ইসলাম
অতিরিক্ত বিভাগীয় কমিশনার